৪৯

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 APR 1995

পৃষ্ঠা : ১২ কলাম : ৬

## পরীক্ষা পিছানোর দাবীতে সড়ক অবরোধ ॥ গাড়ী ভাংচুর

বরিশাল অফিস ॥ সরকারী বিএম কলেজের অনার্স (সনাতন) পরীক্ষার্থীরা ফাইনাল পরীক্ষা পিছানোর দাবীতে গতকাল বুধবার কলেজ সম্মুখস্থ ব্যস্ত সড়কে অবরোধ সৃষ্টি করে। তাহারা বিদ্যুৎ বিভাগের একটি গাড়ীতে হামলা চালাইয়া উহার ব্যাপক ক্ষতি করে। ক্ষতির পরিমাণ সাত লক্ষাধিক টাকা। বিদ্যুৎ শ্রমিক ইউনিয়ন জানায়, সশস্ত্র হামলায় তাহাদের কর্মীরা আহত হয় এবং মালামাল বিনষ্ট হয়। ছাত্ররা বিজ্ঞান ভবনের কয়েকটি জানালার কাঁচ ভাঙ্গচুর করে। পরে অধ্যক্ষের আশ্বাসে ছাত্ররা অবরোধ প্রত্যাহার করে।